


সম্মতিপত্র

গোপালগঞ্জ জেলার ঐতিহ্যবাহী নৌকা তৈরির কৌশল এই অঞ্চলের একটি ঐতিহ্যবাহী ও জনপ্রিয় হস্তশিল্প। ঐতিহ্যবাহী নৌকা তৈরির কৌশল ও নৌকা এই জেলার একটি বিশেষ বৈশিষ্ট্য বহন করে। বিমূর্ত সাংস্কৃতিক ঐতিহ্য হিসেবে আমাদের এই ঐতিহ্যবাহী শিল্প নিয়ে আমরা সক্রিয়ভাবে সংযুক্ত থেকে জাতীয় ইনভেন্টরির জন্য তথ্য সরবরাহ করেছি। জাতীয় ইনভেন্টরিতে ঐতিহ্যবাহী নৌকা তৈরির কৌশল ও এর সাথে জড়িত শিল্পী-কারিগরদের জীবনমান উন্নয়নে যে সকল পদক্ষেপ উল্লেখ করেছে তা বাস্তবায়িত হলে আমরা শিল্পীগোষ্ঠী উপকৃত হবো। এর মাধ্যমে এই শিল্পটি সুরক্ষার পাশাপাশি এর ব্যাপক প্রসার ঘটবে বলে আমরা বিশ্বাস করি। জাতীয় ইনভেন্টরিতে অন্তর্ভুক্তির উদ্দেশ্যে সকল শিল্পী, কারিগর, অনুশীলনকারী, বাহক, দল ও সম্প্রদায়ের পক্ষ থেকে আমরা স্বেচ্ছায়, স্বতঃস্ফূর্তভাবে, পূর্বে অবগত হয়ে ও স্বজ্ঞানে সম্মতি প্রদান করছি।

শুভেচ্ছান্তে



(সমীর বিশ্বাস)

নৌকা কারিগর

ও

সভাপতি

গোপালগঞ্জ নৌকা তৈরি সমিতি,

বাংলাদেশ